

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৪.১৯-৩৫০৪


তারিখ: ২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ
১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরধীন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবটি পর্যালোচনাতে দেখা যায়, অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক যথাযথ তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায় নিয়োক্ত তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

- (ক) নব সৃজিত পদের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত পদ সৃজনের আদেশের কপি;
- (খ) পুরাতন পদের ক্ষেত্রে পদ সৃষ্টির আদেশ (প্রস্তাবিত পদসমূহ ভিন্ন কালিতে চিহ্নিত করতে হবে);
- (গ) পদ সৃজন ব্যতীত অতিরিক্ত যে জনবল চাওয়া হয়েছে সেসব পদে জনবল নিয়োগের যৌক্তিকতা (প্রতিটি পদের ক্ষেত্রে পৃথক ভাবে যৌক্তিকতা উল্লেখ করতে হবে);
- (ঘ) বেতন ভাতা কিভাবে মেটানো হবে।



(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

বিতরণঃ

- ১। উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নব সৃজিত পদের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত পদ সৃজনের আদেশের কপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।